

বাংলাদেশ জাতীয় বিজ্ঞান ও কারিগরি তথ্য সংগ্রহ ও বিতরণ কেন্দ্র (ব্যাপডক) দেশে বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রসমূহের গবেষণা ও উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন বিষয়ক তথ্য ও উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ ও বিতরণের ক্ষেত্রে তথ্যসেবাধর্মী জাতীয় প্রতিষ্ঠান। দেশের পরিকল্পনাবিদ, নীতি নির্ধারক, প্রশাসক, শিল্পোদ্যোক্তা, বিজ্ঞানী, প্রযুক্তিবিদ, ছাত্র-শিক্ষকসহ সংশ্লিষ্ট অন্যান্যদের প্রয়োজন অনুযায়ী বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক তথ্য চাহিদা মিটানোর জন্য ব্যাপডকের রয়েছে বিজ্ঞান ও প্রযুক্তির সকল ক্ষেত্রের বিভিন্ন বিষয়ক বই ও সাময়িকীর আধুনিক ও তথ্যবহুল সমৃদ্ধশালী সংগ্রহের একটি লাইব্রেরী।

সংগৃহীত বই ও সাময়িকী ; ব্যাপডক গ্রন্থাগারে এ যাবত বিজ্ঞান ও প্রযুক্তি সকল ক্ষেত্রের বিভিন্ন বিষয়ের ওপর প্রায় ১৭,০০০ পাঠ্য ও রেফারেন্স বই সংগৃহীত আছে। ব্যাপডক গ্রন্থাগার ব্যবহারকারীদের ক্রমবর্ধমান চাহিদার ওপর ভিত্তি করে গ্রন্থাগারের সংগ্রহশালাকে আরও সমৃদ্ধশালী করার লক্ষ্যে প্রতিবছর বই বিভাগের জন্য বিপুলসংখ্যক সর্বশেষ সংস্করণের তথ্যবহুল ও মানসম্পন্ন বিজ্ঞান ও প্রযুক্তির সকল ক্ষেত্রের নতুন পাঠ্য ও রেফারেন্স বই সংগ্রহ করে থাকে। ছাড়াও দেশের বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রের সংশ্লিষ্ট গবেষণা ও উন্নয়ন সংস্থাসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, বিজ্ঞানী, প্রযুক্তিবিদ ও ছাত্রছাত্রীদের দেশ বিদেশের বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রসমূহের সংশ্লিষ্ট বিভিন্ন গবেষণাগারে গবেষণা ও উন্নয়ন কর্মকাণ্ডের মাধ্যমে অর্জিত ফলাফলের সাথে সম্পৃক্তকরণ ও সুপরিচিতকরণের লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তির সকল ক্ষেত্রের দেশী বিদেশী প্রায় ৩০০টি শিরোনামের সাময়িকী ব্যাপডক গ্রন্থাগারের সাময়িকী বিভাগে সংগৃহীত আছে। এখানে যে বিষয়গুলোর ওপর পাঠ্য, রেফারেন্স ও সাময়িকী সংগৃহীত আছে সে বিষয়গুলো হলো-

1. Library & Information Science
2. Computer Science & Engineering
3. Information & Communication Technology
4. Mathematical Science
5. Physical Science
6. Chemical Science
7. Earth Science
8. Life Science
9. Biological Science
10. Medical Science
11. Agricultural Science
12. Nature & Environment Science
13. Engineering & Technology.

এছাড়া সংগৃহীত বিজ্ঞান ও প্রযুক্তির সকল ক্ষেত্রের বিবিধ বিষয়ক উল্লেখযোগ্য রেফারেন্স বই হচ্ছে- Encyclopaedia, Dictionary, Directory, Handbook, Yearbook, Manual ইত্যাদি।

গ্রন্থাগার প্রদত্ত সার্ভিসসমূহ
 গ্রন্থাগার সার্ভিস সময়সীমা ; বর্তমানে ব্যাপডক গ্রন্থাগার ছুটবার ও অন্যান্য সরকারী ছুটির দিন ব্যতীত প্রতি কর্মদিবসে সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিরতিহীনভাবে খোলা থাকে। পাঠক সংশ্লিষ্ট বাতায় নাম-ঠিকানা এন্ট্রি করে সরাসরি ওপেন সেলফ থেকে বই নিয়ে পড়তে পারেন।
 রেফারেন্স সার্ভিস ; ব্যাপডক গ্রন্থাগার ব্যবহারকারীদের চাহিদা ও প্রয়োজন অনুযায়ী বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রসমূহের সুনির্দিষ্ট বিষয়ের ওপর উপরনুসন্ধানমূলক গ্রন্থাগার, তথ্য ও তথ্যায়ন সেবা তাৎক্ষণিকভাবে প্রদান করে থাকে।
 রিসেন্ট বুক সার্ভিস ; ব্যাপডক গ্রন্থাগারের জন্য সাম্প্রতিক

লাইব্রেরীতে প্রদর্শনা

ব্যাপডক লাইব্রেরী

সংগৃহীত বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রসমূহের বিভিন্ন বিষয়ক পাঠ্যোগ্যোগী গ্রন্থের তালিকা দেশের বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রের সংশ্লিষ্ট গবেষণা ও উন্নয়ন প্রতিষ্ঠানসহ বিশ্ববিদ্যালয়-সমূহে গবেষণা ও উন্নয়নমূলক কর্মকাণ্ডে নিয়োজিত গবেষকসহ ছাত্র-শিক্ষকবৃন্দের ব্যবহারের জন্য

শ্রেণণ করা হয়।
জার্নাল লিষ্ট সার্ভিস ; ব্যাপডক গ্রন্থাগারের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রসমূহের বিভিন্ন বিষয়ক দেশ-বিদেশ থেকে সাম্প্রতিক সংগৃহীত সাময়িকীর তালিকা দেশের বিজ্ঞান ও প্রযুক্তির বিবিধ ক্ষেত্রের সংশ্লিষ্ট গবেষণা ও উন্নয়ন প্রতিষ্ঠানসহ বিশ্ববিদ্যালয়সমূহে গবেষণা ও উন্নয়ন কর্মকাণ্ডে নিয়োজিত গবেষকসহ ছাত্র-শিক্ষকবৃন্দের ব্যবহারের জন্য শ্রেণণ করা হয়।
ফটোকপি সার্ভিস ; পাঠকদের চাহিদা ও প্রয়োজন অনুযায়ী বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রসমূহের বিবিধ বিষয়ক সাময়িকী/বই/গ্রন্থকের অংশবিশেষ প্রতৃতি স্বল্পমূল্যে ফটোকপির ব্যবস্থা রয়েছে। উক্তিবিত সার্ভিস ছাড়াও এখানে কারেন্ট এওয়ারনেন্স সার্ভিস, জার্নাল এক্সচেঞ্জ সার্ভিস, ইন্টার লাইব্রেরী লোন ও রিসোর্স শেয়ারিং সার্ভিস চালু আছে। এ ছাড়াও ইলেকট্রনিক/ডিজিটাল লাইব্রেরী সার্ভিস প্রতিষ্ঠার কর্মসূচীও ব্যাপডক কর্তৃপক্ষ গ্রহণ করেছে।

যোগাযোগ ; ব্যাপডক গ্রন্থাগার
 জাতীয় বিজ্ঞান ও কারিগরি তথ্যসংগ্রহ ও বিতরণ কেন্দ্র
 বিসিএসআইআর ক্যাম্পাস, মিরপুর রোড
 ধানমন্ডি, ঢাকা-১২০৫।
 শামীম রেজা